

ফাতওয়া নাম্বার: ৮১

প্রকাশকাল: ২৭ ই জুলাই, ২০২০ ইংরেজি

## কাতের নেসাবের হিসাব সোনা দিয়ে করা হবে, না রুপা দিয়ে?

### প্রশ্ন:

ক. যাকাতের নেসাবের হিসাব সোনা দিয়ে করব, না রুপা দিয়ে?

খ. আমি যদি নেসাব পরিমাণ সম্পদের মালিক হই। সাথে ব্যবহারিক কিছু সোনাও থাকে, যার পরিমাণ সাড়ে সাত ভরির কম হয়, তাহলে মোট সম্পদের সাথে কি ওই সোনারও হিসাব করে যাকাত দিতে হবে?

প্রশ্নকারী- আসলাম

### উত্তর:

ক. কারো কাছে যদি শুধু সোনা থাকে, অন্য কোনো যাকাতযোগ্য সম্পদ না থাকে, তাহলে নেসাবের হিসেব হবে সোনা দ্বারা। তখন অন্তত সাড়ে সাত ভরি সোনা থাকলে নেসাব হবে এবং যাকাত আদায় করতে হবে। সাড়ে সাত ভরির কম হলে, যাকাত আদায় করতে হবে না। পক্ষান্তরে কারো কাছে যদি অন্য কোনো প্রকারের যাকাতযোগ্য সম্পদ থাকে, সঙ্গে সোনা থাকুক বা না থাকুক, তাহলে রুপার নেসাব হিসেব করতে হবে। এক্ষেত্রে যাকাতযোগ্য যত সম্পদ আছে (সোনা থাকলে সেটাসহ), সবগুলো মিলিয়ে সাড়ে বায়ান্ন ভরি রুপার সমপরিমাণ হলেই যাকাত ফরজ হবে।

খ. কেউ যদি রূপার মূল্য হিসেবে নেসাবের মালিক হয়, তাহলে তার কাছে সাড়ে সাত ভরির কম সোনা থাকলে, সেটারও বিক্রয়মূল্য হিসেব করে অন্য সম্পদের সঙ্গে যাকাত আদায় করতে হবে। -মুসান্নাফ ইবনে আবি শাইবা: ৯৯৭৯, হিন্দিয়া: ১/১৭৯, রদ্দুল মুহতার: ২/৩০৩

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৭-১১-১৪৪১ হি.

১৯-০৭-২০২০ ইং



اللجنة الشرعية للدعوة والنصرة  
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ